



অবি লম্বে প্রকাশে র উদ্দে শ্যে: 10/7/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে স্টেট এবং স্থানীয় পুলিশ কলম্বাস দিবসের সপ্তাহান্তে অত্যাধিক বেগে এবং উন্মত্ত অবস্থায় গাড়ি চালানোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে

বলবতকরণ সময়কাল অক্টোবর 7 থেকে অক্টোবর 12 পর্যন্ত চলবে, বিপজ্জনক আচরণকে তার লক্ষ্য করবে ছুটির সপ্তাহান্তে

গভর্নর হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) বিশেষ ট্র্যাফিক বলবতকরণ প্রচেষ্টার জন্য স্থানীয় আইন বলবতকরণ সংস্থার সাথে সম্মিলিত হবেন আসন্ন কলম্বাস দিবসের সপ্তাহান্তের জন্য অত্যাধিক গতিতে এবং উন্মত্ত অবস্থায় থাকা গাড়ির চালকদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার জন্য। কলম্বাস দিবসের প্রচারণা শুরু হবে বৃহস্পতিবার, 7 অক্টোবর, এবং মঙ্গলবার, 12 অক্টোবর অবধি চলবে। ট্রুপাররা আশা করেন যে ছুটির সপ্তাহান্ত এবং শরতের পর্যটনের কারণে ট্র্যাফিকের পরিমাণ বৃদ্ধি পাবে যা রাস্তায় আরো বেশি ঝুঁকির কারণ হবে। এই বলবতকরণের দায়প্রাপ্তদের মোতায়ন করা হবে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (ট্রুপ A), নর্থ কাউন্টি (ট্রুপ B), সাইরাকিউজ অঞ্চল (ট্রুপ D), ক্যাটস্কিল অঞ্চল (ট্রুপ F) এবং ক্যাপিটাল অঞ্চল (ট্রুপ G) এ।

"উন্মত্ত অবস্থায় গাড়ি চালানোর দুখ:জনক ফলাফল এড়িয়ে যাওয়া যেতে পারে যদি আমরা সবাই নিরাপত্তাকে আমাদের শীর্ষ অগ্রাধিকার করি চালকের আসনে বসার সময়," **গভর্নর হোচুল বলেন।** "আমি আইন বলবৎকারীদের সাথে যোগদান করছি সব গাড়ির চালকদের পোস্ট করা গতিসীমাগুলি মেনে চলতে, জরুরীকালীন এবং রক্ষণাবেক্ষণের যানবাহনের জন্য রাস্তা ছেড়ে দিতে এবং কখনো উন্মত্ত অবস্থায় গাড়ি না চালানোর কথা মনে করিয়ে দিতে। দায়িত্বশীলভাবে আচরণ করে আমরা রাস্তায় অর্থহীন দুখ:জনক ঘটনাগুলি প্রতিরোধ করতে সাহায্য করতে পারি।"

যে গাড়ির চালকরা এই সপ্তাহান্তে যাত্রা করবেন তারা মদ্যপ অবস্থায় আছেন কিনা তা পরীক্ষা করার চেকপয়েন্টের এবং অতিরিক্ত ড্রাইভিং হোয়াইল ইন্টক্সিকেটেড (driving while intoxicated, DWI) টহলদারদের সম্মুখীন হওয়ার আশা করতে পারেন। আইন প্রয়োগকারীরা এমন গাড়ির চালকদের সন্ধান করবেন যারা চালকের আসনে বসে থাকাকালীন তাদের ফোন এবং অন্যান্য ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করছেন। এছাড়াও চালকদের রাস্তার পাশে থেমে থাকা জরুরি ও আপতকালীন যানবাহনকে "জায়গা ছেড়ে দেওয়ার" কথাও মনে রাখা উচিত।

ট্রুপারগণ এই কার্যক্রমের অংশ হিসেবে স্টেট পুলিশের চিহ্নিত যানবাহন এবং পরিচয় লুকানো ট্র্যাফিক এনফোর্সমেন্ট (Concealed Identity Traffic Enforcement, CITE) যানবাহন উভয়ই ব্যবহার করবেন আইন লঙ্ঘনকারী মোটর চালকদের সহজেই সনাক্ত করার জন্য। CITE যানগুলি ট্রুপারদের আরো ভালোভাবে গাড়ি চালানো সংক্রান্ত আইন লঙ্ঘনগুলি লক্ষ্য করতে দেয়। এই যানগুলি দৈনন্দিন ট্র্যাফিকের সাথে মিশে যেতে পারে, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যায়।

সুপারিনটেনডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "এই প্রচারাভিযানের সময়, স্টেট ট্রুপার এবং আমাদের আইন বলবতকারী অংশীদাররা অত্যন্ত দৃশ্যমান থাকবেন এবং বিপজ্জনকভাবে গাড়ি চালাচ্ছেন এমন চালকদের উদ্দেশ্যে তাদের নজর রাখবেন। বরাবরের মতো, যারা বেপরোয়াভাবে গাড়ি চালিয়ে অন্যদের জীবন বিপন্ন করেন তাদের জন্য আমাদের শূন্য সহনশীলতা থাকবে।"

ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের (Department of Motor Vehicles) কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) চেয়ারম্যান মার্ক জে. এফ. শ্রোডার বলেন, "দ্রুত গতিতে এবং উন্মত্ত অবস্থায় গাড়ি চালানো বেপরোয়া আচরণ যা 100 শতাংশ এড়ানো যায় এবং এর ফলে যারা রাস্তায় থাকেন তাদের বিপদ হয়। আমি আইনশৃঙ্খলা রক্ষায় আমাদের অংশীদারদেরও ধন্যবাদ জানাই আমাদের সড়কপথে নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে তাদের অঙ্গীকারবদ্ধতার জন্য।"

গত বছরের কলম্বাস দিবস বলবতকরণ সময়কালে, স্টেট পুলিশ এবং স্থানীয় আইন বলবতকারীর মোট 44,016-টি টিকিট জারি করেছেন, যার মধ্যে 11,618-টি দ্রুত গতিতে এবং 941-টি উন্মত্ত অবস্থায় গাড়ি চালানোর জন্য।

স্টেট পুলিশ সব গাড়ির চালককে নিরাপদ থাকার কথা মনে করিয়ে দিচ্ছে, মদ্যপান করে গাড়ি চালাবেন না, গাড়ি চালানোর সময় আপনার মোবাইল ফোন ব্যবহার করবেন না, গতি সীমা মেনে চলুন এবং সমস্ত যাত্রীদের সিট বেল্ট পরিয়ে রাখুন। এই উদ্যোগের মূল লক্ষ্য হল বিপজ্জনকভাবে গাড়ি চালানোর আচরণ বন্ধ করা এবং ট্র্যাফিক নিরাপত্তার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।

এই উদ্যোগটির আংশিকভাবে অর্থায়ন করেছে GTSC। GTSC এবং নিউইয়র্ক স্টেট STOP-DWI ফাউন্ডেশন (New York State STOP-DWI Foundation) গাড়ির চালকদের মনে করিয়ে দিচ্ছেন যে তাদের ["হ্যাভ এ প্ল্যান" মোবাইল অ্যাপ](#), অ্যাপেল, ড্রয়েড ও উইন্ডোজ স্মার্টফোনের জন্য উপলব্ধ। অ্যাপটি নিউ ইয়র্কবাসীদের একটি ট্যাক্সি পরিষেবা খুঁজে বার করতে এবং কল করতে এবং একটি মনোনীত গাড়ির চালকের তালিকা প্রোগ্রাম করতে সক্ষম করে। এটি DWI আইন এবং জরিমানা সম্পর্কেও তথ্য প্রদান করে, এবং একজন উন্মত্ত বলে সন্দেহভাজন চালক সম্পর্কে রিপোর্ট করারও উপায় প্রদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)